

2 0 1 9

BENGALI

( Major )

Paper : 6.2

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত/নির্দেশানুসারে উত্তর দাও : ১×৭=৭

(ক) “একদিন আমার সমস্ত ডানা মেলে পেয়েছিলুম আমার  
ওড়ার আকাশ; আজ আমি পেয়েছি আমার ছোটো বাসা,  
ডানা গুটিয়ে বসেছি। কিন্তু আমার আকাশও রইল।”  
বক্তা কে?

(খ) লাবণ্যর পিতার নাম কী?

(গ) সিসি, লিসি—এরা কে?

(ঘ) যোগমায়াকে লাবণ্য কি বলে ডাকত?

(ঙ) ‘আপদ’ গল্পে আপদ কাকে বলা হয়েছে?

- (চ) “অস্বিকাচরণের কড়া নিয়মে — ভিতরে ভিতরে অত্যন্ত উদ্ভুক্ত হইয়াছিল।”  
( শূন্যস্থান পূর্ণ করো )
- (ছ) “‘ডাক্তার! ডাক্তার!’ জ্বালাতন করিল। এই অর্ধেক রাত্রে ...।” কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “পথ আজ হঠাৎ এ কী পাগলামি করলে! দুজনকে দু জায়গা থেকে ছিঁড়ে এনে আজ থেকে হয়তো এক রাস্তায় চালান করে দিলে।” এখানে ‘দুজনকে’ বলতে কোন্ দুজনের কথা বলা হয়েছে?
- (খ) বাঁকাগাড়ি পরগণাটি কে, কার জন্য ক্রয় করে দিয়েছিলেন?
- (গ) ‘ক্ষুধিত পাষণ’ গল্পের প্রাসাদটি কোথায় এবং কোন্ নদীর তীরে অবস্থিত?
- (ঘ) “পূর্বের মতোই আমার লাইব্রেরিতে বসেই তুমি কাজ করবে, কিছুমাত্র সংকোচ করবে না।” কে, কাকে একথা বলেছেন?

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

- (ক) ‘শেষের কবিতা’ উপন্যাসের কেটি মিটার চরিত্রটি আলোচনা করো।
- (খ) ‘শেষের কবিতা’ উপন্যাসে অবলম্বনে শিলঙ পাহাড়ের সৌন্দর্য বর্ণনা করো।

- (গ) “পাঁচটি আঙুল আছে ব’লে কি একটি আঙুল ত্যাগ করা যায়।” উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো।
- (ঘ) “সাহেব এবং শ্যালী এই দুই নৌকায় পা দিয়া হতভাগা বিষম সঙ্কটে পড়িল।” প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

- (ঙ) ‘প্রতিহিংসা’ গল্পের অস্বিকাচরণ চরিত্রটি আলোচনা করো।

- ৪। (ক) ‘শেষের কবিতা’ উপন্যাসের অন্তর্গত ‘সংঘাত’ অথবা ‘নূতন পরিচয়’ শীর্ষক পরিচ্ছেদের ঘটনাবলী বিবৃত করো।

১০

অথবা

- (খ) “পাঁচজনের মধ্যে ও যে কোনো একজন মাত্র নয়, ও হল একেবারে পঞ্চম; অন্যকে বাদ দিয়ে চোখে পড়ে।” উক্তিটির আলোকে অমিত চরিত্রটি বিশ্লেষণ করো।

- ৫। (ক) ‘নিশীথে’ গল্পটিতে একটি ‘আর্ত অপরাধী মনের প্রতিচ্ছবি’ কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো।

১০

অথবা

- (খ) “রবীন্দ্রনাথের ‘ক্ষুধিত পাষণ’ গল্পকে অলৌকিক বা অতিলৌকিকের ছাপ মেরে দিতে মন সায় দেয় না। একে চড়াপর্দার রোমান্সের গল্প বলাই সম্ভব।” সমালোচকের এই মন্তব্যটি কতটুকু গ্রহণযোগ্য তা বিচার করো।

৬। (ক) 'শেষের কবিতা' উপন্যাসের অপ্রধান চরিত্রগুলির মধ্য থেকে যে কোনো দুটি চরিত্রের আলোচনা করো। ১০

অথবা

(খ) 'আপদ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

★ ★ ★